মেহেরপুরে ব্যতিক্রমী আর্জেন্টিনা সাইকেল, মেসিপ্রেমে আলোচনায় সোহাগ

হাড়ভাঙা পরিশ্রমের জীবন। পেশায় টাইলস মিস্ত্রি। কিন্তু ফুটবলের প্রতি অগাধ ভালোবাসাই তাকে এনে দিয়েছে ভিন্ন পরিচিতি। নিজের বাইসাইকেলকে আর্জেন্টিনা ও বাংলাদেশের পতাকার রঙে সাজিয়ে নাম দিয়েছেন ‘আর্জেন্টিনা সাইকেল’।

মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের বাসিন্দা লিও সোহাগ প্রতিদিন কাজে যাতায়াত করেন এই সাইকেলেই। তবে এটি সাধারণ কোনো সাইকেল নয়। পুরো সাইকেলজুড়ে রয়েছে আর্জেন্টিনার আকাশী-সাদা রং, বাংলাদেশের জাতীয় পতাকা এবং ফুটবল তারকা লিওনেল মেসির ছবি। দূর থেকেই সাইকেলটি পথচারীদের দৃষ্টি কাড়ে।

সোহাগ আলী জানান, গত দুই বিশ্বকাপ ধরে তিনি নিজের সাইকেলটি এভাবেই সাজিয়ে আসছেন। ছোটবেলা থেকেই তিনি আর্জেন্টিনা দলের সমর্থক এবং লিওনেল মেসির একজন বড় ভক্ত। প্রিয় দল ও প্রিয় খেলোয়াড়ের প্রতি ভালোবাসা প্রকাশ করতেই ব্যক্তিগত খরচে সাইকেলটি সাজিয়েছেন।

তিনি বলেন, “যেখানেই যাই, মানুষ আমার ‘আর্জেন্টিনা সাইকেল’ দেখে থেমে যায়। অনেকে ছবি তোলে, আবার অনেকে প্রশংসা করেন। এতে আমার খুব ভালো লাগে।”

সোহাগের এই ব্যতিক্রমী উদ্যোগ স্থানীয়দের মাঝেও ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে। প্রতিদিনই বিভিন্ন বয়সের মানুষ তার সাইকেল দেখতে ভিড় করেন এবং ছবি তোলেন।

সোহাগের বন্ধু মাহফুজ রহমান বলেন, “তিনি একজন শ্রমজীবী মানুষ হলেও অত্যন্ত সৌখিন। ফুটবলের প্রতি তার ভালোবাসা সত্যিই অনন্য। আমরা চাই, তিনি প্রতি বিশ্বকাপেই এভাবে সাইকেল সাজিয়ে ফুটবলপ্রেম ছড়িয়ে দিন।”

স্থানীয় বাসিন্দা সুজন আলী বলেন, “গত দুই বিশ্বকাপ ধরেই সোহাগ তার সাইকেলটি এভাবে সাজিয়ে আসছে। বিষয়টি আমার খুব ভালো লাগে।

আশপাশের মানুষও তাকে নিয়ে আলোচনা করেন। তার এই উদ্যোগ আমাদের এলাকাকে আলাদাভাবে পরিচিত করেছে।”

ফুটবলপ্রেম আর সৃজনশীলতার অনন্য মেলবন্ধনে সোহাগ আলীর ‘আর্জেন্টিনা সাইকেল’ এখন মেহেরপুরের মানুষের কাছে এক ব্যতিক্রমী আকর্ষণে পরিণত হয়েছে।